BSAA Circular No. 136 /2022 Dt: 31-10-2022

"উন্নয়নের অক্সিজেন রাজস্ব"
"জনকল্যাণে রাজস্ব"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।
Web: www.chc.gov.bd E-mail:customhousectg@gmail.com

30 OCT 2022

# গণ বিজ্ঞপ্তি

গণ বিজ্ঞপ্তি নং- ০২ তারিখ : /১০/২০২২ খ্রিঃ।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ দপ্তর কর্তৃক জারীকৃত গণ বিজ্ঞপ্তি নং-০১, তারি : ০৮ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ অনুযায়ী শিপিং এজেন্ট, সিএন্ডএফ এজেন্ট এবং সেক্ষ ক্লিয়ারিং এজেন্টগণের ২০২৩-২০২৭ মেয়াদের জন্য এজেন্সী লাইসেন্স নবায়নের আবেদন দাখিলের সময়সীমা ২৬/১০/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিল। চিটাগাং কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোসিয়েশন এর স্মারক নং-৮(২৪)/২০২২/৮৫১৫, তারিখ-২৬/১০/২০২২ খ্রিঃ এর আবেদনের প্রেক্ষিতে যে সকল এজেন্টগণ উক্ত বিজ্ঞপ্তি অনুযায়ী এখনো লাইসেন্স নবায়নের জন্য আবেদন দাখিল করেননি, সে সকল এজেন্টগণ-কে আগামী ০৭/১২/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে আবেদন দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হলো। কাস্টমস এজেন্ট (লাইসেন্সিং) বিধিমালা-২০২০ এর বিধি-১৫ এর উপ-বিধি (২) মোতাবেক এ সময়সীমা বৃদ্ধি করা হলো। উল্লেখ্য, উক্ত সময়-সীমার পর বিধান অনুযায়ী আর কোন সময় বর্ধিত করা হবে না।

স্বাঃ/

( মুহাম্মদ মাহফুজ আলম )
ডেপুটি কমিশনার
ও
সদস্য সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ
সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষের পক্ষে

নং-এস ১৫-২২/জেনারেল/লাইঃ/ইম্পো/৭৬-৯২(অংশ-৩)/৮৭৮-২২ (১১) তারিখ: 30 OCT 2022 /১০/২০২২ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য (জেষ্ঠ্যতার ক্রম অনুসারে নহে) ঃ

০১। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
০২। পরিচালক (পরিবহন), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
০৩। পরিচালক (নিরাপত্তা), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
০৪। টার্মিনাল ম্যানেজার, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
০৫। ডি,টি,এম (অপারেশন), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
০৬। সহকারী কমিশনার, সিইপিজেড, কাস্টম হাউস, চট্টগ্রাম।
০৭। সহকারী কমিশনার, শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, কাস্টম হাউস, চট্টগ্রাম।
০৮। সহকারী কমিশনার, অফডক (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
০৯। সহকারী কমিশনার, পিএডি, কাস্টম হাউস, চট্টগ্রাম।
১০। সভাপতি/সাধারণ সম্পাদক, চিটাগাং সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম। তাকে বিষয়টি সকল সিএন্ডএফ এজেন্টকে জানানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।
১১। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ ভবন (নীচ তলা), আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম। তাকে বিষয়টি সকল শিপিং এজেন্টকে জানানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।
১২। সভাপতি/সাধারণ সম্পাদক, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাঃ, চেম্বার হাউস, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম। তাকে বিষয়টি সকল সেক্ষ ক্লিয়ারিং এজেন্টকে জানানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।
১৩। সিএন্ডএফ এজেন্ট হল, কাস্টম হাউস, চট্টগ্রাম।
১৪। অফিস সুপার, যোগাযোগ শাখা, কাস্টম হাউস, চট্টগ্রাম।
১৫। পিএ টু কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম। (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৬। নোটিশ বোর্ড, কাস্টম হাউস, চট্টগ্রাম।

BSAA 489
Received
Dated 31-10-22
Signature

Oct 27. 2022
( মুহাম্মদ মাহফুজ আলম )
ডেপুটি কমিশনার
ও
সদস্য সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ
কাস্টম হাউস, চট্টগ্রাম।

BSAA Circular No. 125 /2022 Dt: 11-10-2022

"উন্নয়নের অক্সিজেন রাজস্ব
জনকল্যাণে রাজস্ব"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

www.chc.gov.bd E-mail:customhousectg@gmail.com

গণ বিজ্ঞপ্তি নং- ০১

08 SEP 2022
তারিখ : /০৯/২০২২ খ্রিঃ।

এতদ্বারা সংশ্লিষ্ট সকল এজেন্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস এজেন্টস (লাইসেন্সিং) বিধিমালা ২০২০ অনুসরণে অনুমোদনকৃত যে সকল লাইসেন্সের মেয়াদ আগামী ৩১ ডিসেম্বর ২০২২ খ্রিঃ তারিখে উত্তীর্ণ হবে, সে সকল সিএন্ডএফ এজেন্ট, রেফারেন্স সিএন্ডএফ এজেন্ট (বিঃদ্রঃ যে সকল রেফাঃ সিএন্ডএফ/শিপিং লাইসেন্স ২০০৯ বিধিমালা জারীর পরে ইস্যু করা হয়েছে, শুধুমাত্র তাঁরাই লাইসেন্স ইস্যুর তারিখ হতে মেয়াদ শেষ হওয়ার ৪৫ কার্যদিবস পূর্বে নবায়নের আবেদন দাখিল করিবে), সেল্ফ ক্লিয়ারিং এজেন্ট এবং শিপিং এজেন্টদেরকে আগামী ২৬/১০/২০২২ খ্রিঃ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নে বর্ণিত তথ্য-উপাত্ত ও দলিলপত্রসহ নবায়নের আবেদন লাইসেন্স শাখায় দাখিল করতে অনুরোধ করা হলো ঃ

ক. সিএন্ডএফ এজেন্ট এবং কাস্টম সরকার লাইসেন্স নবায়নের ক্ষেত্রে :

| | |
|---|---|
| ০১ | লাইসেন্স নবায়নের জন্য আবেদন পত্রের সাথে মূল এজেন্সী লাইসেন্স বুকলেট সংযুক্ত করতে হবে ; |
| ০২ | সিএন্ডএফ এজেন্টকে লাইসেন্স নবায়নের জন্য আবেদন পত্রের সাথে নবায়ন ফি বাবদ টাঃ ১০,০০০/-(দশ হাজার) মাত্র টি, আর, চালানের মাধ্যমে পরিশোধ করে টি, আর, চালানের মূল কপি সংযুক্ত করতে হবে ; (কোড-১১১৩১-০০১০-১৮৫৪) |
| ০৩ | নবায়ন ফি'র উপর ১৫% (১৫০০/-) মূসক পরিশোধের টি, আর, চালানের কপি দাখিল করতে হবে; (কোড-১১১৩৩-০০২৫-০৩১১) |
| ০৪ | কাস্টম হাউস, চট্টগ্রাম এর কম্পিউটার হতে প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার স্বাক্ষরিত পূর্বের মেয়াদের পারফরমেন্স সনদের কপি দাখিল করতে হবে অথবা অন্য কাস্টম হাউসের রেফারেন্স লাইসেন্স এর পারফরমেন্স এর কপি নবায়নের ক্ষেত্রে বিবেচনা করা যাইবে ; |
| ০৫ | আবেদন পত্রের সাথে ০৫ (পাঁচ) বৎসরের অফিস ভাড়ার উপর প্রদেয় ১৫% ভ্যাট পরিশোধের টি, আর, চালানের কপি ; [ বিঃদ্রঃ অফিসের আয়তন ১৪০ বর্গফুটের নীচে হলে ১৫% ভ্যাট প্রযোজ্য হবে না, তদস্থলে অফিস ভাড়ার হালনাগাদ চুক্তিপত্রের কপি সংযুক্ত করতে হবে ] (কোড-১১১৩৩-০০২৫-০৩১১) |
| ০৬ | চট্টগ্রামস্থ অফিস ঠিকানা প্রদর্শিত ব্যবসার প্রকৃতি উল্লেখ পূর্বক মূসক সনদপত্র দাখিল করতে হবে ; |
| ০৭ | হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি প্রদান করতে হবে ; |
| ০৮ | নবায়নের পূর্ববর্তী আর্থিক বৎসরের হাল-নাগাদ (২০২০-২০২১) আয়কর পরিশোধ সম্পর্কিত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি অথবা পরিশোধ কার্যক্রম প্রক্রিয়াধীন আছে মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে ; |
| ০৯ | স্ব-স্ব দপ্তর সংশ্লিষ্ট এসোসিয়েশনের হাল-নাগাদ সদস্যভূক্তির সনদপত্র ; |
| ১০ | ০২ (দুই) কপি "প্রোফরমা ছক" সঠিকভাবে পূরণ করে দাখিল করতে হবে; |
| ১১ | নবায়নের আবেদন পত্রের সাথে অফিস ভাড়ার প্রমাণ স্বরূপ ০১(এক) বৎসরের ঘরভাড়ার রশিদ (রেভিনিউ ষ্ট্যাম্প সংযুক্ত); |
| ১২ | সত্বাধিকারী/অংশীদারী/লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে সকল পরিচালকগণের জাতীয় পরিচয়পত্র ও সদ্য তোলা ০৩ কপি ছবি সত্যায়িত করে দাখিল করতে হবে ; |
| ১৩ | লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে হাল-নাগাদ নিবন্ধন সনদপত্র, সংঘ স্মারক ও বিধি দাখিল করতে হবে। |
| ১৪ | উল্লিখিত যে সকল সিএন্ডএফ এজেন্ট লাইসেন্স নবায়নের আবেদন দাখিল করবেন, তাঁদের নিয়োজিত কাস্টমস্ সরকার লাইসেন্স/পারমিটের মেয়াদও হাল-নাগাদ নবায়নের লক্ষ্যে টি, আর, চালানের মাধ্যমে নবায়ন ফি বাবদ টাকা-১০০/-(একশত) ও নবায়ন ফি'র উপর ১৫% মূসক পরিশোধ করে মূল কপি এবং কাস্টমস্ সরকার লাইসেন্স সহ পৃথকভাবে আবেদন করতে হবে ; |
| ১৫ | কাস্টমস পারমিট নবায়নের আবেদন ডেপুটি কমিশনার ও সদস্য সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবরে আবেদন দাখিল করতে হবে ; |

খ. শিপিং এজেন্ট এর লাইসেন্স নবায়নের ক্ষেত্রে :

| | |
|---|---|
| ০১ | অনুচ্ছেদ-ক এর ক্রমিক নম্বর ০১ থেকে ১৩ পর্যন্ত সিএন্ডএফ লাইসেন্স নবায়নের ক্ষেত্রে যা প্রযোজ্য, শিপিং লাইসেন্স নবায়নের ক্ষেত্রে তা অবশ্যই প্রযোজ্য হবে ; |
| ০২ | স্থায়ী আদেশ-২ এ বর্ণিত আবশ্যিকভাবে পালনীয় দলিলাদি নবায়নের আবেদনের সাথে দাখিল করতে হবে।<br>ক) বিদ্যমান লাইসেন্সের ক্ষেত্রে লাইসেন্স গ্রহণের সময় জমা দেয়া হয়নি, এমন সকল তথ্য-উপাত্ত ও কাগজপত্র ;<br>খ) পরিচালনা পর্ষদ বা শেয়ার পূণবন্টন/গঠনগত পরিবর্তন হলে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন পত্র ;<br>গ) সর্বশেষ পরিচালক মন্ডলীর নাম, শেয়ারের পরিমাণ এবং পদবী সম্বলিত ব্যবস্থাপনা পরিচালকের প্রত্যয়ন পত্র ; |
| ০৩ | ১৯৬৯ সনের দি কাস্টমস এ্যাক্টের ধারা ৫৫ এর উপধারা (এ), (বি), (সি) ও ৫৭ ধারা মোতাবেক ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্প এর উপর ডিক্লারেশন ও পোর্ট ক্লিয়ারেন্স বন্ড-এ সাক্ষীগণের পুরোনাম এবং পূর্ণ ঠিকানা উলে- খ পূর্বক তা সম্পাদন করতে হবে ; |
| ০৪ | ১৯৬৯ সনের দি কাস্টমস এ্যাক্টের ধারা ৫৫ এর উপধারা (ডি) ও (ই) মোতাবেক ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্প এর উপর শর্ট ল্যান্ডিং সংক্রান্ত অঙ্গীকারনামায় সাক্ষীগণের পুরোনাম এবং পূর্ণ ঠিকানা উলে- খ পূর্বক তা সম্পাদন করতে হবে ; |
| ০৫ | ১৯৬৯ সনের দি কাস্টমস্ এ্যাক্টের ধারা ৭৮ মোতাবেক ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্প এর উপর যথাসময়ে মালামাল খালাসের নিশ্চয়তা বন্ড-এ সাক্ষীগণের পুরোনাম এবং পূর্ণ ঠিকানা উল্লেখ পূর্বক তা সম্পাদন করতে হবে ; |
| ০৬ | শিপিং এজেন্টের কার্যসম্পাদন যাচাইয়ের জন্য অনুচ্ছেদ 'ক'এর উপানুচ্ছেদ-৪ এ উল্লিখিত তারিখ পর্যন্ত যে সমস্ত জাহাজ খালাস/বোঝাই করা হয়েছে, ক্রম তারিখ অনুসারে রোটেশন নম্বর এবং লাইন নম্বরসহ প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার স্বাক্ষরিত কার্যসম্পাদন তালিকা দাখিল করতে হবে ; |

গ. সেলফ ক্লিয়ারিং এজেন্টস লাইসেন্স নবায়নের ক্ষেত্রে :

| | |
|---|---|
| ০১ | অনুচ্ছেদ-ক এর ক্রমিক নম্বর ০১-১৩ পর্যন্ত সিএন্ডএফ লাইসেন্স নবায়নের ক্ষেত্রে যা প্রযোজ্য, সেল্ফ ক্লিয়ারিং লাইসেন্স নবায়নের ক্ষেত্রে তা অবশ্যই প্রযোজ্য হবে। |

ঘ. শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দরের জন্য রেফারেন্স সিএন্ডএফ এজেন্টস লাইসেন্স নবায়নের জন্য :

| | |
|---|---|
| ০১ | কাস্টম হাউস, চট্টগ্রাম হতে ইস্যুকৃত মূল লাইসেন্স এর বিপরীতে যে সকল প্রতিষ্ঠানকে শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দরের জন্য রেফারেন্স লাইসেন্স অনুমোদন করা হয়েছে, সে সকল লাইসেন্স এর বিপরীতে অনুচ্ছেদ 'ক'এর উপানুচ্ছেদ-০২ এ বর্ণিত লাইসেন্স ফি টাঃ ৫,০০০/-(পাঁচ হাজার) মাত্র ফি পরিশোধের টি, আর, চালান এবং নবায়ন ফি'র উপর ১৫% মূসক পরিশোধের কপি দাখিল করতে হবে। |

উল্লেখ্য, স্ব-স্ব এজেন্ট কর্তৃক উল্লিখিত বিজ্ঞপ্তির চাহিদা মোতাবেক সকল দলিলাদিসহ নবায়নের আবেদন উল্লিখিত সময়ের মধ্যে দাখিলে ব্যর্থ হলে কাস্টম এজেন্টস (লাইসেন্সিং) বিধিমালা-২০২০ অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে।

BSAA 439
Received
Dated 11-10-22
Signature

( মুহম্মদ মাহফুজ আলম )
ডেপুটি কমিশনার
ও
সদস্য সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ

( মোঃ জাকির হোসেন )
অতিরিক্ত কমিশনার
ও
সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ

চলমান পৃঃ নং-০২

## " প্রোফরমা ছক "

| | | | |
|---|---|---|---|
| ০১। | এজেন্টের লাইসেন্স নম্বর (এআইএন নম্বর ও ইস্যুর তারিখ) | : | |
| ০২। | লাইসেন্সের প্রকৃতি | : | সিএন্ডএফ/রেফারেন্স সিএন্ডএফ/সেল্ফ ক্লিয়ারিং/ শিপিং। |
| ০৩। | এজেন্টের নাম ও ঠিকানা, মূল মালিকের নাম, পিতার নাম ও স্থায়ী ঠিকানা(অংশীদার/প্রাইভেট লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে সকল অংশীদার/পরিচালকদের নাম, পদবী, জাতীয় পরিচয়পত্র নম্বর স্থায়ী ও বর্তমান ঠিকানা) | : | |
| ০৪। | ল্যান্ড ফোন নাম্বার ও মোবাইল নাম্বার | : | |
| ০৫। | প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষরক্ষমতা প্রাপ্ত ব্যক্তিবর্গের নাম পিতার নাম,বর্তমান ও স্থায়ী ঠিকানা (স্বাক্ষরক্ষমতার সময়সীমাসহ ) | : | |
| ০৬। | প্রতিষ্ঠানের কাস্টম সরকারদের নাম,পিতার নাম, লাইসেন্স নম্বর, ইস্যুর তারিখ এবং স্থায়ী ও বর্তমান ঠিকানাসহ প্রক্সিমিটি আইডি কার্ড নম্বর | : | |
| ০৭। | বর্তমানে লাইসেন্স নবায়ন আছে কিনা- না থাকলে কি কারণে লাইসেন্স নবায়িত নেই। | : | |
| ০৮। | সর্বমোট জাহাজ খালাস ও বোঝাই(শিপিং লাইসেন্স) | : | |
| ০৯। | সর্বমোট বি/ই ও শিপিং বিল এর সংখ্যা | : | |
| ১০। | সর্বমোট পণ্যের মূল্য (ক) আমদানী চালান | : টাঃ | |
| | " " (খ) রপ্তানী চালান | : টাঃ | |
| ১১। | সর্বমোট আমদানী শুল্ক প্রদান | : টাঃ | |
| ১২। | সর্বমোট ভ্যাট প্রদান | : টাঃ | |
| ১৩। | সর্বমোট অগ্রীম আয়কর প্রদান | : টাঃ | |
| ১৪। | সর্বমোট অবকাঠামো উন্নয়ন কর প্রদান | : টাঃ | |
| ১৫। | সর্বমোট লাইসেন্স ফি প্রদান | : টাঃ | |
| ১৬। | সর্বমোট রাজস্ব প্রদান | : টাঃ | |
| ১৭। | সর্বমোট সিএন্ডএফ কমিশন এর উপর ভ্যাট প্রদান | : টাঃ | |
| ১৮। | প্রতিষ্ঠানের ঠিকানা এবং গঠনগত পরিবর্তন হয়ে থাকলে তার বর্ণনা | : | |
| ১৯। | কাস্টম এজেন্ট (লাইসেন্সিং) বিধিমালা, ২০২০ মোতাবেক লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট কোন কার্যক্রম আছে কিনা | : | |

নিবেদক

আপনারই বিশ্বস্ত,

নথি নং-এস ১৫-২২/জেনারেল/লাইঃ/ইম্পোঃ/৭৯-৯২ (অংশ-৩)/২২০৫২( ) তারিখ : ০৮ SEP 2022 /০৯/২০২২ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য (জেষ্ঠ্যতার ক্রম অনুসারে নহে) ঃ

০১। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

০২। পরিচালক (পরিবহন), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

০৩। পরিচালক (নিরাপত্তা), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

০৪। টার্মিনাল ম্যানেজার, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

০৫। ডি,টি,এম (অপারেশন), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

০৬। সহকারী কমিশনার, সিইপিজেড, কাস্টম হাউস, চট্টগ্রাম।

০৭। সহকারী কমিশনার, শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, কাস্টম হাউস, চট্টগ্রাম।

০৮। সহকারী কমিশনার, অফডক (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।

০৯। সহকারী কমিশনার, পিএডি, কাস্টম হাউস, চট্টগ্রাম।

১০। সভাপতি/সাধারণ সম্পাদক, চিটাগাং সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম। তাকে বিষয়টি সকল সিএন্ডএফ এজেন্টকে জানানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।

১১। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ ভবন (নীচ তলা), আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম। তাকে বিষয়টি সকল শিপিং এজেন্টকে জানানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।

১২। সভাপতি/সাধারণ সম্পাদক, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাঃ, চেম্বার হাউস, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম। তাকে বিষয়টি সকল সেফ ক্লিয়ারিং এজেন্টকে জানানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।

১৩। সিএন্ডএফ এজেন্ট হল, কাস্টম হাউস, চট্টগ্রাম।

১৪। অফিস সুপার, যোগাযোগ শাখা, কাস্টম হাউস, চট্টগ্রাম।

১৫। পিএ টু কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম। (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৬। নোটিশ বোর্ড, কাস্টম হাউস, চট্টগ্রাম।

০৮.০৯.২০২২

( মুহম্মদ মাহফুজ আলম )
ডেপুটি কমিশনার
ও
সদস্য সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ
কাস্টম হাউস, চট্টগ্রাম।

অফিস কপি